অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/30/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL এবং সিনেটর SCHUMER ঘোষণা করলেন নিউ ইয়র্ক স্টেটে জটিল ডিজেবিলিটিসহ শিশুদের জন্য THE CENTER FOR DISCOVERY-এর অধীনে এর এধরণের প্রথম CHILDREN'S SPECIALTY HOSPITAL এখন খুলে দেওয়া হয়েছে

হাসপাতালের নতুন ধরণের কেয়ার মডেল শিশুদের জন্য সার্বিক মেডিকেল কেয়ার দিবে, পরিবারের জন্য ত্রাণ দিবে এবং আরো ভালো স্বাস্থ্য ফলাফল নিয়ে আসবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং সিনেটর Charles Schumer (চার্লস শুমার) আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কের (New York, NY) রক হিলে (Rock Hill) The Center for Discovery (TCFD)-এর Children's Specialty Hospital খুলে দেওয়া হয়েছে। নতুন ধরণের এই ফ্যাসিলিটিটি স্পেশালাইজড স্বল্পমেয়াদী ইনপেশেন্ট কেয়ারের মাধ্যমে অটিজমসহ জটিল ডিজেবিলিটিসহ শিশু ও কিশোরদের সমর্থন করার জন্য নিবেদিত হবে। গত এক দশকে NYS অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজের (Office for People With Developmental Disabilities, OPWDD) সাথে ঘনিষ্ঠ পার্টনারশিপ করে The Center for Discovery-এর মাল্টিডিসিপ্লিনারি দল এটি তৈরি করেছে, যা যা দীর্ঘমেয়াদী আবাসিক প্লেসমেন্ট কমানোর জন্য সক্রিয় চিকিৎসাকেন্দ্রিক একটি নতুন কেয়ার মডেল পেশ করেছে।

"নিউ ইয়র্ক স্টেট সকল শিশুর জন্য স্বাস্থ্য ফলাফল উন্নত করার জন্য নিবেদিত, বিশেষ করে সেই ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ শিশুদের জন্য যাদের পরিবার তাদের শিশুদের চাহিদার জন্য যথাযোগ্য মেডিকেল কেয়ারের অ্যাক্সেস পেতে সমস্যায় পড়ে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "The Center for Discovery-এর Children's Specialty Hospital-এর মাধ্যমে কেয়ারের এই ধারাবাহিক জোরদার করার কারণে পরিবারগুলি কম সময় একে অন্যের থেকে দূরে থাকবে এবং চিকিৎসার পর তাদের কমিউনিটির সাথেই যুক্ত থাকবে।"

সিনেটর Charles Schumer (চার্লস শুমার) বলেন, "The Center for Discovery-এর Children's Specialty Hospital শিশু ও কিশোরদের জন্য অতি গুরুত্বপূর্ণ জীবন উন্নত করার কেয়ার দিবে এবং আগামী জেনারেশনগুলির জন্য সালিভ্যান (Sullivan) কাউন্টিতে আশার আলো হয়ে থাকবে। এই ফ্যাসিলিটিতে হওয়া ডিস্কভারি এবং কেয়ারের সিস্টেমের প্রভাব হাডসন ভ্যালির (Hudson Valley) বাইরেও যাবে এবং পুরো আমেরিকা (America) ও বিশ্বের হাজার হাজার শিশুদের সাহায্য করবে। এই নতুন এ ধরণের প্রথম হাসপাতালটি শুরু করার জন্য ঐতিহাসিক ফেডারেল বিনিয়োগ দিতে পেরে আমি গর্বিত যা দুর্বল কমবয়সী রোগীদের জন্য

আরো স্বাস্থ্যকর ভবিষ্যতের জন্য এবং হাডসন ভ্যালির আরো উজ্জ্বল ভবিষ্যতের জন্য একটি পথ তৈরি করে দিয়েছে, এবং এই ফ্যাসিলিটিকে বাস্তবায়ন করার ব্যাপারে গভর্নর Hochul (হোকল) এবং নিউ ইয়র্ক স্টেটের লেজিস্লেটিভ নেতাদের পার্টনারশিপের জন্য আমি অনেক কৃতজ্ঞ। The Center for Discovery হলো সালিভ্যান কাউন্টির অর্থনীতির একটি পিলার, এবং এই নতুন হাসপাতালটি 400+ চাকরি তৈরি করবে এবং একই সাথে সেন্টারে দেওয়া বিশ্বমানের কেয়ারকে বড় করবে। গভর্নর (Hochul) একজন দুর্দান্ত পার্টনার হয়ে আছেন এবং আমাদের দলের চেষ্টার কারণে এই ফ্যাসিলিটির স্বপ্ন, যা বহু বছর আগে শুরু হয়েছিলো, তা অবশেষে বাস্তব হয়েছে।"

Children’s Specialty Hospital প্রোজেক্টের তহবিল সম্ভব হয়েছে ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচারের (Department of Agriculture, USDA) অফিস অফ রুরাল ডেভেলপমেন্টের (Office of Rural Development) Community Facilities প্রোগ্রামের থেকে পাওয়া 48 মিলিয়ন মার্কিন ডলারের কম সুদের ঋণের কারণে, যা TCFD-এর একজন দীর্ঘদিনের অ্যাডভোকেট সিনেটর Schumer (শুমার) নিশ্চিত করতে সাহায্য করেছেন, সেই সাথে ছিলো নিউ ইয়র্ক স্টেটের এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) থেকে পাওয়া 4 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ। এছাড়াও প্রোজেক্টটি অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ, নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health, DOH), এবং ডর্মিটরি অথোরিটি অফ দ্য স্টেট অফ নিউ ইয়র্ক (Dormitory Authority of the State of New York, DASNY) থেকে অতি গুরুত্বপূর্ণ সমর্থন পেয়েছে।

গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের অধীনে, নিউ ইয়র্ক স্টেট এই নতুন ধরণের উদ্যোগে উল্লেখযোগ্য অগ্রগতি করেছেন, নিজেদেরকে ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ মানুষদের জন্য প্রতিরোধমূলক এবং সার্বিক কেয়ারের ক্ষেত্রে জাতীয়ভাবে শীর্ষ একটি অবস্থানে স্থাপন করেছে। ফ্যাসিলিটি শুরু করা থেকে পুরো নিউ ইয়র্কের পরিবারগুলির জীবন উন্নত করার ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) নিবেদন বোঝা যায়।

OPWDD-এর যোগ্যতার ক্রাইটেরিয়া পূরণ করে এবং ডেভেলপমেন্টাল ডিজেবিলিটির সমর্থনের সাথে মেডিকেল কেয়ার দরকার এমন পাঁচ থেকে 21 বছর বয়সী শিশুদের জন্য Specialty Hospital তৈরি করা হয়েছে। Children's Specialty Hospital ইনপেশেন্ট চিকিৎসা দিবে এবং সর্বোচ্চ ছয় মাস ধরে সার্বিক মেডিকেল, বেহেভিওরাল, এবং ক্লিনিক্যাল যাচাইয়ের কাজ করে থাকবে। একটি সহযোগিতামূলক উপায় ব্যবহার করে প্রোগ্রামটি এমনভাবে তৈরি করা হয়েছে যাতে শিশু ও কিশোরেরা বাড়ি, স্কুলে উন্নতি করতে পারে, এবং কমিউনিটিতে জড়িত থাকতে পারে।

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজের ভারপ্রাপ্ত কমিশনার Willow Baer (উইলো বায়ের) বলেন, "ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ মানুষের জন্য স্বাস্থ্য সমতা অর্জন করা হলো অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজের জন্য একটি অগ্রাধিকার এবং একটি যথাযথ সেটিংয়ে শিশুদের জন্য সম্পূর্ণ মেডিকেল কেয়ারের অ্যাক্সেস নিশ্চিত করা সেই লক্ষ্যের একটি অংশ। The Center for Discovery-এর নতুন Children’s Specialty Hospital নিউ ইয়র্কের

পরিবারগুলিকে সাহায্য করা শুরু করবে বলে আমরা অতি আনন্দিত এবং জটিল মেডিকেল পরিস্থিতিসহ শিশু ও কিশোরদের জন্য এই অতি প্রয়োজনীয় রিসোর্স বানানোর জন্য আমাদের স্টেট এবং ফেডারেল পার্টনারদের প্রতি আমরা কৃতজ্ঞ।"

মেডিকেল এবং থেরাপিউটিক চাহিদার কথা মাথায় রেখে তৈরি করা নতুন ফ্যাসিলিটিতে, যেখানে Children’s Specialty Hospital অবস্থিত, সেখানে ক্লাসরুম, একটি হেলথ ক্লিনিক, সেন্সরি রুম, ফিজিক্যাল এবং অকুপেশনাল থেরাপির জন্য একটি থেরাপিউটিক জিম, একটি ক্যাফে, এবং একটি ট্রেনিং কিচেন আছে। 15 একরের একটি ক্যাম্পাসে এছাড়াও আছে আউটডোরের হাঁটার ট্রেইল, হিলিং গার্ডেন, এবং একটি Food is Medicine® গ্রিনহাউজ, এর সবকিছুই TCFD-এর সার্বিক কেয়ারের পন্থাকে সমর্থন করে।

হাসপাতালে স্বল্পমেয়াদী চিকিৎসা শেষ করার পর, রোগীরা এমন একটি স্পেশালাইজড কেয়ার প্ল্যানসহ বাড়িতে ফিরবে যেখানে পরিবার, কেয়ারগিভার, এবং স্কুল ডিস্ট্রিক্ট গুলির জন্য ট্রেনিং থাকবে। পরিবারগুলি যখন তারা তাদের শিশুদের হাসপাতালে থাকার সময় যে অগ্রগতি হয়েছে তা অগ্রসর করার চেষ্টা করবে তখন TCFD-এর অভিজ্ঞ দলটি তাদের সমর্থন করে যাবে।

The Center for Discovery-এর প্রেসিডেন্ট এবং CEO Dr.Terry Hamlin (ডাঃ টেরি হ্যামলিন) বলেন, "নতুন ধরণের এবং আরো ব্যাপকভাবে শিশু ও কিশোরদের সমর্থন করার জন্য The Center for Discovery অত্যন্ত অঙ্গীকারবদ্ধ। আমাদের নতুন Children’s Specialty Hospital শুরু করে আমাদের আওতা ও প্রভাব বাড়াতে পেরে আমরা অতি আনন্দিত, যা সমাধানের খোঁজে থাকা পরিবারগুলির জন্য একটি লাইফলাইন দিতে পারবে। আমাদের হাসপাতালে ভর্তি হওয়া শিশুরা অতুলনীয় সমস্যার মুখোমুখি হয়ে আসে। তারা একই সাথে হওয়া একাধিক মেডিকেল সমস্যার নিয়ে বেঁচে থাকে যার জন্য তাদের ডেভেলপমেন্ট ডিজেবিলিটির চিকিৎসা করা অত্যন্ত জটিল হয়ে যায়। এর মধ্যে অনেক মেডিকেল সমস্যার সাথে ব্যথা থাকে, যার কারণে অনেক সময়ই বাজে আচরণের সৃষ্টি হয় যা তাদের জীবনযাত্রার মাণকে আরো প্রভাবিত করে। পরিবারগুলির অনেক দিন থেকেই এমন একটি স্থান দরকার ছিলো যেখানে তাদের শিশুদের জটিল চাহিদা বোঝা হবে, এবং যেখানে এক স্থানে ইন্টিগ্রেটেড এবং কোঅর্ডিনেটেড কেয়ার দেওয়া হয়। The Center for Discovery-তে আমরা সামনে থেকে এইসব মেডিকেল জটিলতার সমাধান করার জন্য, মূল কারণের চিকিৎসা করার জন্য, এবং জীবন বদলে দিতে পারে এমন উপায়ে ফলাফল উন্নত করার জন্য নিবেদিত আছি।"

স্পেশালাইজড কেয়ারের জন্য একটি নতুন বেঞ্চমার্ক স্থাপন করার জন্য The Children’s Specialty Hospital হয়েছে এবং এটি জাতীয় ও আন্তর্জাতিক উভয় ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ প্রভাব ফেলবে বলে ধারণা করা হচ্ছে। নতুন ফ্যাসিলিটিটি পুরো নিউ ইয়র্ক স্টেটে দেওয়া সেবার ব্যাপ্তিকে উন্নত করবে, যা কেয়ারের জন্য এমন একটি মডেল দিতে পারবে যা জটিল ডিজেবিলিটিসহ শিশুদের চিকিৎসার রিভলিউশন করবে এবং একই সাথে পুরো স্টেটের পরিবারের জন্য অতি প্রয়োজনীয় সমর্থন দিবে।

যুগান্তকারী এই উদ্যোগটি শুধু ডিজেবিলিটিসহ শিশুদের জন্য কেয়ারের লেভেল উন্নত করবে না, এছাড়াও এর উদ্দেশ্য হলো লম্বা সময়ে হাসপাতালে থাকা কমানো, যার ফলে তাদের আরো দ্রুত বাড়িতে ফেরা সম্ভব হবে।

অ্যাসেম্বলির সদস্য Angelo Santabarbara (এঞ্জেলো সান্টাবারবারা) বলেন, "অ্যাসেম্বলি কমিটি অন পিপল উইথ ডিজেবিলিটিজের চেয়ার হিসেবে এবং The Center for Discovery-তে যাওয়া অটিজমসহ একটি শিশুর প্যারেন্ট হিসেবে আমি নিজের অভিজ্ঞতা থেকে জানি যে জটিল ডিজেবিলিটিসহ শিশুদের জন্য স্পেশালাইজড কেয়ার অ্যাক্সেস করতে পরিবারগুলি কী চ্যালেঞ্জের মুখোমুখি হয়। এ ধরণের প্রথম এই Children's Specialty Hospital খোলা হলো নিউ ইয়র্কের জন্য একটি বিশাল অগ্রগামী ধাপ, যা পরিবারের জন্য অতি গুরুত্বপূর্ণ মেডিকেল কেয়ার এবং অতি প্রয়োজনীয় সমর্থন দিবে। এই নতুন ধরণের মডেলটি শুধু স্বাস্থ্যের ফলাফল উন্নত করবে না বরং এছাড়াও দীর্ঘমেয়াদি আবাসিক প্লেসমেন্টের প্রয়োজন কম করতে সাহায্য করবে। আমি গভর্নর Hochul (হোকল), সিনেটর Schumer (শুমার), এবং এই ভিশনকে বাস্তব করা সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি।"

The Center for Discovery সম্পর্কে

The Center for Discovery হলো জটিল পরিস্থিতি, মেডিকেল দুর্বলতা এবং অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডারসহ 1,200-এর বেশি শিশু এবং প্রাপ্তবয়স্কদের জন্য হেলথকেয়ার ও শিক্ষা সেবা দেওয়ার একটি শীর্ষ প্রোভাইডার, যা নিউ ইয়র্ক সিটির 90 মাইল উত্তরপশ্চিমে অবস্থিত। 2016 সালে একটি সেন্টার অফ এক্সিলেন্স নাম পাওয়া TCFD দীর্ঘদিন ধরেই জটিল পরিস্থিতিসহ ব্যক্তিদের জন্য কেয়ারের নতুন মডেল তৈরি করার ক্ষেত্রে শীর্ষে আছে। সালিভ্যান কাউন্টিতে 1,500 একরে অবস্থিত TCFD-তে স্কুল ক্যাম্পাস, রেসিডেন্স, মেডিকেল এবং রিসার্চ ফ্যাসিলিটি, অর্গানিক এবং বায়োডাইনামিক ফার্মল্যান্ড, এবং লীজ দেওয়া বেসরকারি ব্যবসা আছে যারা অর্থপূর্ণ চাকরির সুযোগ দিবে। ডিজেবিলিটির বদলে একটি ব্যক্তির ব্যক্তিগত সম্ভাব্য যোগ্যতা এবং সম্ভাবনাতে বেশি করে মনোযোগ দেওয়া TCFD সবথেকে দুর্বল জনগোষ্ঠীর জন্য আরো ভালো কেয়ার এবং অনন্য এবং চ্যালেঞ্জিং সুযোগ তৈরি করবে। TCFD সম্পর্কে আরো তথ্যের জন্য, প্লিজ www.tcfd.org/ ভিজিট করুন।

Children's Specialty Hospital সম্পর্কে আরো তথ্যের জন্য, প্লিজ Mrosen@tcfd.org-এ ডেভেলপমেন্ট, মার্কেটিং, এবং স্ট্র্যাটেজিক কমিউনিকেশনসের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট (Vice President, VP) Michael Rosen-এর (মাইকেল রোজেন) সাথে যোগাযোগ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন